



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিভেশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ)

পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

Website for Online Application: www.bsmraau.edu.bd



স্নাতক শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি (সংশোধিত)

তারিখঃ ১২ এপ্রিল ২০২৩

শিক্ষাবর্ষঃ ২০২২-২৩

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিভেশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে অ্যাভিভেশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এফএইটি) অনুষদের বিএসসি ইন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস), বিএসসি ইন অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং (অ্যাভিয়নিক্স), বিএসসি ইন এয়ারক্রাফট মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যারোস্পেস) এবং বিএসসি ইন এয়ারক্রাফট মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং (অ্যাভিয়নিক্স) বিষয়ে স্নাতক শ্রেণিতে ০৪ (চার) টি প্রোগ্রামের প্রতিটিতে ৩০ জন করে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইন ফরম পূরণ পূর্বক আবেদন করতে পারবেন। যে সকল ছাত্র-ছাত্রী বিজ্ঞান বিভাগ হতে ২০১৯ বা ২০২০ সালের মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং বিজ্ঞান বিভাগ হতে ২০২১ বা ২০২২ সালের উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এ গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে সর্বমোট জিপিএ ৯.০০ সহ উপরোক্ত পরীক্ষাসমূহের প্রতিটিতে গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে সর্বনিম্ন জিপিএ ৪.৫০ প্রাপ্ত হয়েছেন এছাড়া ২০১৮ সালের মে বা তার পরে GCE "O" লেভেল এবং ২০২২ সালের নভেম্বর বা তার পূর্বে GCE "A" লেভেল পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর ২৭.০০ প্রাপ্ত হয়েছেন, (GCE "A" লেভেল পরীক্ষার বিষয়গুলির মধ্যে অবশ্যই গণিত, পদার্থবিদ্যা ও রসায়ন থাকতে হবে) অথবা International Baccalaureate (IB) এর প্রার্থীগণের কমপক্ষে ০৬ টি বিষয়ে তাদের পাঠ্যক্রমের রেটিং (৭, ৬, ৫, ৪) অনুযায়ী মোট ৩০ পয়েন্ট প্রাপ্ত হয়েছেন (যে সকল বিষয়ে রেটিং ১, ২ বা ৩ প্রাপ্ত হয়েছেন সেগুলি পয়েন্ট গণনার জন্য বিবেচিত হবে না) শুধুমাত্র তারাই অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবেন। বিএসসি প্রোগ্রামসমূহের শিক্ষা কার্যক্রম লালমনিরহাটের স্থায়ী ক্যাম্পাস হতে পরিচালনা করা হবে। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীদের মধ্য হতে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের মেধাক্রমানুসারে ভর্তি করা হবে। কোভিড-১৯ সংক্রান্ত বৈশ্বিক মহামারীর কারণে ভর্তি পরীক্ষা আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারি বিধি-বিধান, স্বাস্থ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি'র নির্দেশনা অনুসারে অনুষ্ঠিত হবে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং অনলাইনে আবেদনের লিংক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://www.bsmraau.edu.bd>-এর Admission-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে তা অনলাইনে যথাযথভাবে জমা দিয়ে নির্দিষ্ট এসএমএস ফরম্যাট অনুযায়ী ফি পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ সংক্রান্ত যে কোন কারিগরি বিষয়ে সহায়তার জন্য টেলিটক হটলাইন নম্বর-০১৫০০১২১২১২-৯ ই-মেইল vas@teletalk.com.bd এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের মোবাইল নম্বর ০১৭৬৯৯৯৫০৯৯ ও ই-মেইল admission@bsmraau.edu.bd এ যোগাযোগ করা যেতে পারে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচি:

ক্রমিক নং	ভর্তি কার্যক্রমের বিবরণ	পূর্বে প্রকাশিত সময়সূচী	সংশোধিত সময়সূচী (তারিখ: ১২ এপ্রিল ২০২৩)
১।	অনলাইন (http://bsmraau.teletalk.com.bd) এ আবেদনপত্র পূরণ ও জমা প্রদান আরম্ভ	২৭ মার্চ ২০২৩, সোমবার দুপুর ১২:০০ ঘটিকা	-
২।	অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সমাপ্ত	১৬ এপ্রিল ২০২৩, রবিবার রাত ১২:০০ ঘটিকা	২৭ এপ্রিল ২০২৩, বৃহস্পতিবার রাত ১২:০০ ঘটিকা
৩।	টেলিটক সিমের মাধ্যমে সার্ভিস চার্জ ২০০/- টাকা (এসএমএস চার্জ ব্যতীত) প্রদানের শেষ তারিখ ও সময়	১৮ এপ্রিল ২০২৩, মঙ্গলবার রাত ১২:০০ ঘটিকা	২৯ এপ্রিল ২০২৩, শনিবার রাত ১২:০০ ঘটিকা
৪।	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmraau.edu.bd) এ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	২৫ এপ্রিল ২০২৩, মঙ্গলবার দুপুর ১২:০০ ঘটিকা	০৪ মে ২০২৩, বৃহস্পতিবার দুপুর ১২:০০
৫।	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষার ফি এবং প্রবেশপত্র ডাউনলোড/উত্তোলনের জন্য ৫৫০/-টাকা (এসএমএস চার্জ প্রযোজ্য) টেলিটকের মাধ্যমে প্রেরণের তারিখ ও সময়	২৫ এপ্রিল ২০২৩ মঙ্গলবার দুপুর ১২:০০ ঘটিকা থেকে ০৭ মে ২০২৩ রবিবার রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত	০৪ মে ২০২৩, বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা থেকে ১৫ মে ২০২৩, সোমবার রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত
৬।	অনলাইন (http://bsmraau.teletalk.com.bd) এ প্রবেশপত্র ডাউনলোড/উত্তোলনের তারিখ ও সময়	১৮ মে ২০২৩, বৃহস্পতিবার দুপুর ১২:০০ ঘটিকা থেকে ২৬ মে ২০২৩ শুক্রবার সকাল ০৯:০০ ঘটিকা পর্যন্ত	-
৭।	ভর্তি পরীক্ষার তারিখ	২৬ মে ২০২৩, শুক্রবার (সকাল ০৯:৩০ ঘটিকা থেকে ১১:৩০ ঘটিকা পর্যন্ত)	-
৮।	ভর্তি পরীক্ষার স্থান	ঢাকা এবং লালমনিরহাট (ফাকল পুলিশ লাইন স্কুল এন্ড কলেজ) ০২ (দুই) টি কেন্দ্রে একযোগে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।	-
৯।	লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নামীয় তালিকা মেধাক্রম অনুসারে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmraau.edu.bd) এ প্রকাশ	১১ জুন ২০২৩, রবিবার	-
১০।	ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bsmraau.edu.bd) এ প্রকাশ	১৮ জুন ২০২৩, রবিবার	-

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যেকোন নির্দেশনা/তথ্য/শর্ত যেকোন সময় বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

রেজিস্ট্রার
(বিএসএমআরএইউ)